গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
এনজিও বিষয়ক শাখা
www.sylhet.gov.bd

| | |
|---|---|
| সভাপতি | জেলা প্রশাসক, সিলেট। |
| সভার তারিখ | ১৬ সেপ্টেম্বর ২০১৮। |
| সভার সময় | বিকাল ৩:৩০টায়। |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | ১। জনাব দেবজিৎ সিংহ, উপপরিচালক স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। ২। জনাব সুনন্দা রায়, সহকারী কমিশনার, এনজিও বিষয়ক শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট ৩। জনাব মো: মিজানুর রহমান, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট ৪। জনাব মাছুম আহমদ চৌধুরী, সাধারণ সম্পাদক, প্রতিবন্ধী নাগরিক পরিষদ, সিলেট ৫। জনাব মাজহারূল ইসলাম খান, অফিসার স্পন্সরশিপ, এসওএস শিশু পল্লী, সিলেট ৬। জনাব মুহাম্মদ ছাদিকুল আলম, নির্বাহী পরিচালক, আরজদ আলী স্মৃতি কল্যাণ পাঠাগার, সিলেট ৭। জনাব আশফাকুন নূর, টিআইবি, সিলেট ৮। জনাব নিজাম উদ্দিন, প্রজেক্ট অফিসার, সুইচকন্টাক্ট, সিলেট ৯। জনাব মো: আব্দুল লতিফ ভূইয়া, ইউসেপ বাংলাদেশ, সিলেট ১০। জনাব মো: শাহিন, প্রজেক্ট অফিসার, সিএসআইডি, সিলেট ১১। জনাব মো: মশিউর রহমান, এরিয়া সমন্বয়কারী, কারিতাস সিলেট অঞ্চল, সিলেট ১২। জনাব পিজশ কান্তি দেবনাথ, প্রোগ্রাম অফিসার, সীমান্তিক, সিলেট ১৩। জনাব বাবুল কুমার সিংহা, পি.ও, আর.ডব্লিউ.ডিও, সিলেট ১৪। জনাব এ.এইচ.এম ফজলে রাব্বি চৌধুরী, ফিন্যানসিয়াল অপারেশন এডমিন, আকবেট, সিলেট ১৫। জনাব মো: শাহিন আক্তার, ডিস্ট্রিক্ট সুপারভাইজার, হীড বাংলাদেশ, সিলেট ১৬। জনাব ফিলিপ সামুদ্দার, সহকারী ইউনিট ম্যানেজার, আরএইচস্টেপ আলোর ধারা, সিলেট ১৭। জনাব মতিউর রহমান, প্রোগ্রাম অফিসার, ই.এইচ.ডি.এস, সিলেট ১৮। জনাব তুফায়েল আহমদ, সি.পি, এফ.পি.এ.বি, সিলেট ১৯। জনাব আব্দুল হামিদ, ই.ডি, এসডিএস, জকিগঞ্জ, সিলেট ২০। জনাব মো: সুজন মিয়া, প্রতিনিধি, এস.ডি.এ.এস, সিলেট ২১। জনাব পল্লব কান্তি রায়, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, সিলেট ২২। জনাব দেওয়ান সামস, জুনিয়র এক্সিকিউটিভ, জমজম বাংলাদেশ, সিলেট ২৩। জনাব মো: এনামুল হক, জেলা সমন্বায়কারী, ব্লাস্ট, সিলেট ২৪। জনাব স্বপন মাহমুদ, ম্যানেজার, |

জি.ডি.এফ, সিলেট ২৫। জনাব তামান্না আহমদ, প্রকল্প ব্যবস্থাপক, আইডিয়া, সিলেট ২৬। জনাব মো: আব্দুর রহমান, বিভাগীয় সমন্বয়কারী, আশার আলো সোসাইটি, সিলেট ২৭। জনাব মো: মাসুদ পারভেজ, হিসাবরক্ষক, ভার্ড, সিলেট ২৮। জনাব মো: আনজির হোসাইন, এপিও, ইসলামিক রিলিফ বাংলাদেশ, সিলেট ২৯। জনাব মো: আখতারুজ্জামান, ডিপিও, ইউসেপ বাংলাদেশ, সিলেট ৩০। জনাব মো: মোছাব্বের রহমান, উপজেলা প্রকল্প সমন্বয়কারী, আরডিআরএস, সিলেট ৩১। জনাব আলমগীর আল আমান, বন্ধু সোশাল ওয়েলফেয়ার সোসাইটি, সিলেট ৩২। জনাব মোহনলাল দাস, প্রোগ্রাম অফিসার, মেরী স্টোপস, সিলেট ৩৩। জনাব জামিল আহমদ চৌধুরী, নি:স সহায়ক সংস্থা, সিলেট ৩৪। জনাব মো: ইরফানুজ্জামান চৌধুরী, কো-অর্ডিনেটর, ব্লাস্ট, সিলেট ৩৫। জনাব নীহার রঞ্জন দাস, ইউনিট ম্যানেজার, আরএইচস্টেপ, সিলেট ৩৬। জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, আরএম, ইউসেপ, সিলেট ৩৭। জনাব মো: আব্দুর রহিম, প্রোজেক্ট কো অর্ডিনেটর, টি.এম.এস.এস, সিলেট ৩৮। জনাব বাবুল আখতার, আঞ্চলিক সমন্বয়কারী, এডাব, সিলেট ৩৯। জনাব আবুল কালাম আযাদ, নির্বাহী পরিচালক, রাইজ ফাউন্ডেশন, সিলেট ৪০। জনাব বিভাষ চন্দ্র তরফদার, প্রতিনিধি, ব্র্যাক, সিলেট ৪১। জনাব মো: আওলাদ হোসেন, অঞ্চলিক ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ ৪২। জনাব মো: ওবায়দুল হক, প্রতিনিধি, সৈয়দ নুরুদ্দিন আহমদ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, সিলেট ৪৩। জনাব মো: আজিম উদ্দিন, জেলা প্রতিনিধি, এফআইভিডিবি, সিলেট ৪৪। জনাব চৌধুরী মো: কামরুল হাসান, সেন্টার ম্যানেজার, সিআরপি, সিলেট ৪৫। জনাব সাবিহা সুলতানা, সহকারী পরিচালক, সিলেট যুব একাডেমী, সিলেট ৪৬। জনাব অ্যাড. শাহ সাহেদা, বিভাগীয় সমন্বয়ক, বেলা, সিলেট।

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনজিও শাখা বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | জনাব মঞ্জু মারিয়া পালমা, এপিসি ম্যানেজার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ বলেন, বিগত মাসে সিলেট ও গোয়াইনঘাটে ২২৪ টি গরু ও ১২৪টি ভেড়া প্রদান করা হয়েছে। ৬৫৩ জন শিশুর মাকে পুষ্টিকর খাবার সম্পর্কে ধারণা দেওয়া হয় এবং ৯৯টি গভীর নলকূপ ও ৫০৮টি ল্যাট্রিন প্রদান করা হয়। এছাড়াও ৪১৯ জন মাকে চেক-আপ ও ১১৩৮ জন গর্ভবতী মাকে IYCF বিষয়ে সচেতন করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ |

| | | | |
|---|---|---|---|
| ০২ | জনাব মো: মাজহারুল ইসলাম খান, অফিসার স্পন্সরশীপ, এসওএস শিশু পল্লী, সিলেট জানান, গত মাসে ২০০ জন শিশু ও অভিভাবকদের ব্লাড গ্রুপিং ও হেলথ চেকআপ করা হয়েছে। এদের মধ্যে ১২০ জন শিশু ও অভিভাবকদের বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়েছে। ২১৬ জন কিশোরীদের বয়:সন্ধীকালীন বিশেষ পরিচর্যা ও সচেতনতামূলক সভা অনুষ্ঠিত এবং তাদের মাঝে স্যানিটারী ন্যাপকিন বিতরণ করা হয়েছে। এছাড়াও তথ্য প্রযুক্তির সাথে গ্রামীণ মায়েদের পরিচয় এবং স্বাস্থ্যসেবা, নারীর ক্ষমতায়ন প্রভৃতি বিষয়ে মোবাইল ফোনে SMS এর মাধ্যমে বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হয়েছে এবং এ সংক্রান্ত এক বিশেষ মাঠ বৈঠক আয়োজন করা হয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | এসওএস শিশু পল্লী |
| ০৩ | জনাব জামিল আহমদ চৌধুরী, নির্বাহী পরিচালক, নিঃস্ব সহায়ক সংস্থা জানান, গত মাসে দক্ষিণ সুরমা উপজেলার লালাবাজার ইউনিয়নের জোবেদা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার মনিপুর চা-বাগান প্রাথমিক বিদ্যালয়ের মোট ৩০০ জন শিক্ষার্থীদের মধ্যে মিড ডে মিল বিতরণ করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | নিঃস্ব সহায়ক সংস্থা |
| ০৪ | জনাব তোফায়েল আহমদ, CP, FPAB বলেন, গত মাসে ২২৪ জন মাকে ANC সেবা প্রদান, ২২টি নিরাপদ ডেলিভারী, ১২১ জন মাকে PAC সেবা, ৪৯৬ জনকে সাধারণ সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও ১৬৪৭৬ জন গ্রহিতার মধ্যে জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী বিতরণ এবং প্রজনন স্বাস্থ্য বিষয়ক ৪৪টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | FPAB |
| ০৫ | জনাব মো: আব্দুর রহিম, সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী, TMSS বলেন, বিগত মাসে ২০০ জন প্রবীন ব্যক্তিকে ১২০০০০ টাকা, ২ জন অসহায় প্রবীনকে ৮০০০ টাকা প্রদান করা হয়। এছাড়াও ১৬৩ জন অসহায় গরীব রোগিকে ফ্রি চিকিৎসা সেবা, ৩৫ জন প্রবীন ব্যক্তিকে বিনামূল্যে ফিজিওথেরাপি প্রদান করা হয়েছে এবং ৫০টি সমৃদ্ধি শিক্ষা সহায়তা কেন্দ্রের মাধ্যমে ১৪২০ জন ছাত্রছাত্রীকে পাঠদান চলমান রয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | TMSS |
| ০৬ | জনাব তামান্না আহমদ, প্রকল্প ব্যবস্থাপক, আইডিয়া জানান, আইডিয়া AWRAIB জীবিকা সমষ্টি কর্মজীবী শিশু শিক্ষা প্রকল্প সিলেট জেলায় পরিচালিত হচ্ছে। AWRAIB প্রকল্পটির উদ্যোগে বিগত মাসে ১টি এডভোকেসি মিটিং অনুষ্ঠিত হয়েছে। জীবিকা প্রকল্পটি ৩২টি গ্রুপে ৬২টি ভিডিও মিটিং আয়োজন করেছে। কর্মজীবী শিশু শিক্ষা কেন্দ্র ৪০০ কর্মজীবী ও ঝরে পড়া শিশুকে পাঠদান করছে। এছাড়া বিগত মাসে এ প্রকল্প ৮০ জন শিশুর সমাপনি পরীক্ষার জন্য রেজিষ্ট্রেশন করেছে বলে তিনি সভাকে অবহিত করেন। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | আইডিয়া |
| ০৭ | জনাব নীহার রঞ্জন দাস, ইউনিট ম্যানেজার, আরএইচস্টেপ বলেন, গত মাসে ৩০০ জনকে MR সেবা, ৪০০ জনকে USG, ৫৩০ জনকে Pathology সেবা এবং ৭৯০জন রোগীকে BCC সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ১টি সিজিএস মিটিং ও ৩টি কমিউনিটি মিটিং করা হয়েছে বলে তিনি সভাকে জানান। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | আরএইচস্টেপ |
| ০৮ | দেওয়ান শামস ই তাবরিজ, জুনিয়র এক্সিকিউটিভ, যমযম বাংলাদেশ বলেন, ৫০ জন এতিম শিশুকে নিয়ে ১ বছর মেয়াদি প্রকল্প সফলভাবে সমাপ্ত হয়েছে। ৩ বছর মেয়াদি প্রকল্পে ২০ জন এতিম হাফিজকে সকল প্রকার ভরণপোষণ এর ব্যবস্থা করা হচ্ছে। ২৮০০ বস্তিবাসী শিশুর মধ্যে ২৪০ জনকে প্রাক প্রাথমিক শিক্ষা প্রদান এবং ৪০০ শিশুকে ১ম শ্রেণির শিক্ষা প্রদান করা হয়েছে। এছাড়া ২৮০০ বস্তিবাসী শিশুদের এবং তাদের পরিবারকে বিনামূল্যে স্বাস্থ্য সেবা ও ঔষধ প্রদান করা হয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | যমযম বাংলাদেশ |
| ০৯ | জনাব মো: মোছাব্বের রহমান, উপজেলা প্রকল্প সমন্বয়কারী, আরডিআরএস বাংলাদেশ জানান, সূচনা কর্মসূচির মাধ্যমে বিশ্বনাথ, ওসমানীনগর, বালাগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, গোলাপগঞ্জ এবং বিয়ানীবাজারে ইনকাম জেনারেটিং একটিভিটি উপকারভোগীদের মাঝে বিতরণ, মা ও শিশু দলের মিটিং করা, সবজি চাষের উপর প্রশিক্ষণ এবং ইউনিয়ন পরিষদের সাথে ক্লাইমেট রেজিমেন্ট এর প্রশিক্ষণ দেওয়া হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | আরডিআরএস বাংলাদেশ |

| | | | |
|---|---|---|---|
| ১০ | মো: ইরফানুজ্জামান চৌধুরী, কো-অর্ডিনেটর, ব্লাস্ট জানান, পূর্বে অপেক্ষমানসহ মোট প্রাপ্ত অভিযোগ ১০৮টি এর মধ্যে সালিশে নিষ্পত্তি হয়েছে ২৮টি, উপদেশ প্রদান হয়েছে ২৮টিতে, রেফারেন্স ০৪টি, মামলা দায়ের করা হয়েছে ৭০টি এবং পূর্বের বিচরাধীনসহ মামলা নিষ্পত্তির সংখ্যা ৮৫টি। সালিশের মাধ্যমে আদায় হয়েছে মোট ৭,৯৩,১০০/-(সাত লক্ষ তিরানব্বই হাজার একশত) টাকা এবং মামলার মাধ্যমে আদায় হয়েছে মোট ৪,৩৫,০০০/- (চার লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্লাস্ট |
| ১১ | জনাব চৌধুরী মো: কামরুল হাসান, সেন্টার ম্যানেজার, সিআরপি জানান, সিলেট সেন্টারে গতমাসে ১৩৭ জন রোগীকে ৯৪৩টি এ্যাপোয়েন্ট এর মাধ্যমে চিকিৎসা ও পুনর্বাসন সেবা প্রদান করা হয়েছে। তার মধ্যে ৪৯৫টি ফিজিও থেরাপী, ২৮৫টি অকুপেশনাল থেরাপী, ১৬৩টি স্পিচ থেরাপী প্রদান করা হয়েছে। এছাড়া গত মাসে BBDN এবং সিলেট চেম্বার অব কমার্স এর সাথে প্রতিবন্ধী চাকরী মেলায় অংশগ্রহণ করে এবং ৮ জনকে চাকরীর ব্যাপারে সহযোগিতা করা হয় এবং ২৫ জনকে ট্রেনিং এর জন্য নির্বাচিত করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিআরপি |
| ১২ | জনাব অ্যাড. শাহ সাহেদা, বিভাগীয় সমন্বয়ক, বেলা বলেন, গত ১লা আগস্ট ২০১৮ সিলেট সিটি কর্পোরেশনের অন্তর্ভূক্ত মজুমদারী এলাকায় ঐতিহ্যবাহী মজুমদারী দিঘী ভরাট ফলোআপ পরিদর্শন করা হয়েছে। উচ্চ আদালতের নিষেধাজ্ঞা সত্ত্বেও দিঘীটি ভরাট করা হচ্ছে। এছাড়া গত ১৭ আগস্ট দক্ষিন সুরমা উপজেলায় কুচাই এলাকায় সুরমা নদীর তীরে অবৈধভাবে স্টোন ক্রাশার মেশিন পরিচালিত হচ্ছে। বিষয়টি ফলোআপ পরিদর্শন করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | বেলা |
| ১৩ | জনাব মতিউর রহমান, প্রোগ্রাম অফিসার, EHDS বলেন, আগস্ট/১৮ তে EHDS কর্তৃক বাস্তবায়িত ইংলিশ অ্যাকসেস মাইক্রোস্কলারশিপ প্রোগ্রামের ইংলিশ ও কম্পিউটারের মোট ১৬টি ক্লাস অনুষ্ঠিত হয়েছে। তার পাশাপাশি ছাত্রদের নিজ সংস্কৃতি এবং অন্যান্য সকল মূল্যবোধ সম্পর্কে সম্যক অবহিত করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | EHDS |
| ১৪ | জনাব বাবুল আখতার, আঞ্চলিক সমন্বয়কারী, এডাব বলেন, ০৪টি সদস্য সংস্থা পরিদর্শন করা হয়েছে, ০৩টি UNCC সভায় অংশগ্রহণ করা হয়েছে এবং সিলেট জেলা শাখায় ত্রৈমাসিক সভা করা হয়েছে ০১টি। এছাড়া সদস্য এনজিওদের সাথে তথ্য আদান-প্রদান, যোগাযোগ ও সমন্বয় চলমান রয়েছে বলে তিনি সভাকে জানান। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | এডাব |
| ১৫ | জনাব মো: আনজির হোসেন, সহকারী প্রকল্প কর্মকর্তা, ইসলামিক রিলিফ বাংলাদেশ বলেন, ০৬টি সেমি-গভীর নলকূপের পানির গুণগতমান নিরীক্ষা (আর্সেনিক ও আয়রন পরীক্ষা) এবং ৪০টি সেমি-গভীর নলকূপ প্লাটফরম তৈরী করা হয়েছে। স্বাস্থ্যবিধি আলোচনা উঠান বৈঠক করা হয়েছে ৫৫টি এবং পারিবারিক ল্যাট্রিন স্থাপন করা হয়েছে ১২০টি। এছাড়া ১৭৬ জনকে সেমি-গভীর নলকূপের কেয়ারটেকার প্রশিক্ষণ দেওয়া হয়েছে । | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইসলামিক রিলিফ বাংলাদেশ |
| ১৬ | জনাব সাবিহা সুলতানা, সহকারী পরিচালক, সিলেট যুব একাডেমী বলেন, খাসদবীর এডুকেশন ওয়েলফেয়ার এন্ড ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা গ্রহণে শিশুদের তৈরী ও প্রবেশাধিকার নিশ্চিত করার লক্ষ্যে দরিদ্র পরিবারের ৩ থেকে ৬ বছর বয়সের ৩৫টি শিশুকে একটি প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে শিক্ষা প্রদান করা হচ্ছে এবং ২০ জন দরিদ্র সুবিধাবঞ্চিত নারীকে জীবিকা নির্বাহে দক্ষতা বৃদ্ধির লক্ষে সেলাই প্রশিক্ষণ দেয়া হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিলেট যুব একাডেমী |
| ১৭ | জনাব ফিলিপ সমদ্দার, সহকারী ইউনিট ম্যানেজার, আরএইচস্টেপ-আলোর ধারা জানান, কর্মএলাকার খানা পরিদর্শন ১২৬টি, কেন্দ্রের কিশোর-কিশোরীদের আগমন ১৩২ জন, নতুন কিশোর-কিশোরীদের ভর্তি ৫ জন, কেন্দ্রে পরামর্শ সেবা প্রদান করা হয়েছৈ ৩১ জনকে, চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ৩৩ জনকে ও লাইব্রেরীতে বই পড়তে কিশোর-কিশোরীদের আগমন ২১ জন। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | আরএইচস্টেপ-আলোর ধারা |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | জনাব মো: মাসুদ পারভেজ, হিসবারক্ষক, ভার্ড বলেন, সিলেট সদর থানায় ভার্ডের চক্ষুসেবা কার্যক্রম চলমান রয়েছে। নগরীর যতরপুরে ২০ শয্যা বিশিষ্ট ভার্ড চক্ষু হাসপাতাল রয়েছে। এছাড়া তিনি বলেন,বিগত মাসে প্রাথমিক চক্ষু সেবা প্রদান করা হয়েছে ৩২৩ জনকে, ছানি অপারেশন করা হয়েছে ২৭ জনের, কম্পিউটারের মাধ্যমে চোখের পাওয়ার দেখা হয়েছে ১১০ জনের। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভার্ড |
| ১৯ | জনাব মো: আব্দুল হামিদ, নির্বাহী পরিচালক, সিলেট ডেভেলপমেন্ট সোসাইটি জানান, গত মাসে তারা জকিগঞ্জ উপজেলার খলাছড়া ও সুলতানপুর ইউনিয়নে ০৬(ছয়) টি অগভীর নলকূপ স্থাপন করেছেন। এছাড়া ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার নিয়ন্ত্রণের লক্ষে দুইটি ফোকাস গ্রুপ আয়োজন করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিলেট ডেভেলপমেন্ট সোসাইটি |
| ২০ | জনাব পিযুষ কান্তি দেবনাথ, প্রোগ্রাম অফিসার মনিটরিং, সীমান্তিক জানান, গত মাসে HWRA সভা হয়েছে মোট ৩০৭টি, নবদম্পতিদের নিয়ে সভা হয়েছে ২৮টি, স্কুল ছাত্র-ছাত্রীদের নিয়ে সেশন হয়েছে ০১টি এবং ইউনিয়ন এ্যাডভোকেসী সভা হয়েছে ০১টি। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সীমান্তিক |
| ২১ | জনাব মো: শাহীন, প্রকল্প অফিসার, সিএসআইডি বলেন, গত মাসে উঠান ভিত্তিক সচেতনতা সভা হয়েছে ০৪টি, ২০ জন প্রতিবন্ধী শিশুর মধ্যে শিক্ষা উপকরণ হিসেবে খাতা, কলম ও বই প্রদান করা হয়েছে, ৩০ জন প্রতিবন্ধী ও এইচ আইভি আক্রান্ত ক্ষতিগ্রস্থ শিশুদের ফলোআপ প্রদান করা হয়েছে, ১০ জন প্রতিবন্ধী শিশুকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিএসআইডি |
| ২২ | জনাব মো: শাহীন আকতার, জেলা সুপারভাইজার, হীড বাংলাদেশ জানান, গত মাসে যক্ষ্মা নির্ণয়ের জন্য কাঁশি পরীক্ষা করা হয়েছে ২৭৯১ জন, যক্ষ্মা রোগী নির্ণয় হয়েছে ৪২৬ জন এবং শিশু যক্ষ্ম রোগী হয়েছে ১১ জন। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | হীড বাংলাদেশ |
| ২৩ | বিবিধ: আগামী সভায় মেরী স্টোপস এবং আরডিআরএস তাদের সাম্প্রতিক কার্যক্রমের উপর প্রেজেন্টেশন করার বিষয়ে মত প্রকাশ করা হয়। | আগামী সভায় মেরী স্টোপস এবং আরডিআরএস এনজিও সংস্থা তাদের সাম্প্রতিক কার্যক্রমের উপর প্রেজেন্টেশন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
নুমেরী জামান
জেলা প্রশাসক
সিলেট।
ফোন : ০৮২১-৭১৬১০০ (অঃ)

০২ কার্তিক ১৪২৫

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২১.০৬.০০৭.১৭.৩২৫(৯০) তারিখ: ১৭অক্টোবর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩) উপ-মহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ১ম সংলগ্নী ভবন (৭ম তলা), ঢাকা-১০০০।
৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
৫) পুলিশ সুপার, সিলেট।
৬) সিভিল সার্জন, সিলেট।
৭) উপজেলা চেয়ারম্যান, ................................(সকল)।
৮) নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (জেলা কার্যালয়), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
৯) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
১০) উপজেলা নির্বাহী অফিসার.............................., ......................... (সকল), সিলেট।
১১) উপপরিচালক ................................................, ........................., সিলেট।
১২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, সিলেট।
১৩) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ত্রাণ ও পুনর্বাসন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
১৪) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট।
১৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
১৬) চেয়ারম্যান, জেলা মহিলা সংস্থা, সিলেট।
১৭) জনাব..............................................., ................................., সিলেট।
১৮) গোপনীয় সহকারী (অফিস), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
১৯) গোপনীয় সহকারী, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

২৭/১০/১৮

সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
ফোন : ০৮২১-৭২৬৬২৬ (অঃ)